

এমপিও ও পদোন্নতির বিষয়ে শিক্ষকদের জন্য সতর্কবার্তা

অনলাইন ডেক্স



মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

মাদ্রাসার এমপিও ও পদোন্নতিসহ বিভিন্ন কার্যক্রমের জন্য অর্থ

লেনদেন করে প্রতারিত না হওয়ার বিষয়ে সতর্ক করে দিয়েছে

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

রবিবার (৫ অক্টোবর) অধিদপ্তরের সরকারি ও সিনিয়র মাদ্রাসা

শাখার জরুরি গণবিজ্ঞপ্তিতে এ আহ্বান জানানো হয়েছে। এতে

স্বাক্ষর করেছেন প্রশাসন ও অর্থ শাখার পরিচালক মুহাম্মদ

মাহবুবুল হক।

জরুরি গণবিজ্ঞপ্তিতে বলা হয়েছে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের

এমপিও সংক্রান্ত কার্যক্রম স্বয়ংক্রিয় সফটওয়্যারের মাধ্যমে

সম্পন্ন করা হয়ে থাকে।

এ ছাড়া এমপিওভুক্তকরণ, বিভিন্ন সংশোধন এবং পদোন্নতি বা

অন্য যে কোন বিষয়ে বিদ্যমান বিধি বিধান অনুযায়ী সম্পূর্ণ

স্বচ্ছতার সাথে কার্যক্রম সম্পন্ন করা হয়। এখানে কোন প্রকার

অবৈধ তদবির বা অর্থ লেন-দেনের সুযোগ নেই।

এতে আরো বলা হয়েছে, মাদরাসা শিক্ষা অধিদপ্তরের কোনো

কাজের জন্য অধিদপ্তরের কোনো কর্মকর্তা-কর্মচারী বা তৃতীয়

পক্ষের সাথে অবৈধ আর্থিক লেনদেন করে প্রতারিত না হওয়ার

জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।